

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 04-12-2025**

**Time: 1.40 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় বর্তমানে অযোগ্য হিসেবে চিহ্নিত ভোটারের সংখ্যা দাঁড়িয়েছে প্রায় ৫০ লক্ষ। শুধু মৃত ভোটারের সংখ্যাই ২৩ লক্ষ।

২/ মুর্শিদাবাদের ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবিরকে দল থেকে বহিক্ষার করেছে ত্রৃণমূল কংগ্রেস।

৩/ উচ্চ প্রাথমিকে কর্মশিক্ষা ও শারীর শিক্ষায় মোট ১হাজার ৬০০ টি অতিরিক্ত শূন্যপদ সৃষ্টির রাজ্য সরকারের সিদ্ধান্তকে বাতিল করেছে কলকাতা হাইকোর্ট।

৪/ রাজ্য সরকারের অসহযোগিতার কারণেই, বাংলার চারটি মেট্রো প্রকল্পে ২০ কিলোমিটার নির্মাণ কাজ আটকে রয়েছে বলে লোকসভায় রেলমন্ত্রী জানিয়েছেন।

৫/ রাজ্যের প্রায় সর্বত্রই তাপমাত্রার পারদ নিম্নমুখী।

৬/ সুপার কাপ ফুটবলের সেমিফাইনালে ইস্টবেঙ্গল আজ পাঞ্জাব এফসি-র মুখোমুখি হবে।

---

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় রাজ্যের তথ্য যাচাই করার পর আপাতত প্রায় ৫০ লক্ষ ভোট দাতা কে অযোগ্য হিসাবে চিহ্নিত করা হয়েছে। এরমধ্যে মৃত ভোটারের সংখ্যাই ২৩ লক্ষ। পাশাপাশি, আঠারো লক্ষের বেশি ভোটার স্থানান্তরিত

এবং প্রায় আট লক্ষ ভোটার নিখোঁজ হিসাবে চিহ্নিত হয়েছেন। একাধিক জায়গায় নাম থাকা নকল বা ডুপ্লিকেট ভোটারের সংখ্যা এক লক্ষ কুড়ি হাজার বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

কমিশন জানিয়েছে, চলতি বিশেষ নিবিড় সংশোধনী অভিযান জুড়ে সারা রাজ্যে ভোটার তালিকার ডেটা আপডেট ও যাচাইয়ের কাজ প্রত্যাশিত গতিতে চলছে। ইতিমধ্যেই ৯৮ দশমিক ২৯ শতাংশ এনিউমারেশন ফর্মের ডিজিটাইজেশন সম্পন্ন হয়েছে যা এই সংশোধনী প্রক্রিয়ার অন্যতম বড় অগ্রগতি বলে মনে করছে কমিশন। জেলা গুলিতে ভোটার তালিকার অসঙ্গতি চিহ্নিত হওয়ার পর ব্লক ও বুথ স্টেরে বিশেষ নজরদারি বাড়ানো হয়েছে।

---

মুর্শিদাবাদ জেলায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় বাতিল ও মৃত ভোটারের সংখ্যা প্রায় আড়াই লক্ষ ছাড়িয়েছে। ইতিমধ্যেই জেলার ২২টির মধ্যে ১৪টি বিধানসভায়, একশো শতাংশ অনলাইনে আপলোড শেষ করে ফেলেছেন বিএলও-রা। গোটা জেলায় গতকাল দুপুর পর্যন্ত ৫৭ লক্ষ ৬০ হাজার ৪৯০ জন ভোটারের মধ্যে ৯৪ দশমিক ৯/০ শতাংশের নাম ডিজিটাইজড করা সম্ভব হয়েছে বলে জানা গিয়েছে।

---

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR-এর দ্বিতীয় পর্বে খসড়া ভোটার তালিকা প্রকাশের পর আবেদনের নিষ্পত্তিতে হওয়া শুনানির সময় উপযুক্ত নিরাপত্তা বজায় রাখার জন্য রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ভারতের নির্বাচন কমিশনে চিঠি লিখেছেন।

গতকাল মুখ্য নির্বাচন কমিশনারকে পাঠানো ওই চিঠিতে তিনি বলেন, দ্বিতীয় পর্বের SIR-এর কাজ, গোটা প্রক্রিয়ায় অত্যন্ত তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে। চূড়ান্ত ভোটার তালিকা স্বচ্ছ, নির্ভুল এবং ত্রুটিমুক্ত হবে কিনা, তা'ও নির্ধারণ করবে এই প্রক্রিয়া। এর প্রেক্ষিতে অবিলম্বে মাইক্রো অবসার্ভার নিয়োগ করে শুনানির সময় নজরদারি চালানোর আবেদন জানিয়েছেন তিনি। শুনানির দায়িত্বে থাকা ইলেকটোরাল রেজিস্ট্রেশন অফিসার বা ERO রাজ্য সরকারি কর্মী হওয়ায়, স্বচ্ছতা বজায় রাখতে মাইক্রো পর্যবেক্ষক হিসেবে কেন্দ্রীয় সরকারি কর্মী নিয়োগের আবেদন'ও জানানো হয়েছে। একইসঙ্গে জেলা প্রশাসনের মদতে SIR-এর কাজে ব্যাপক দুর্নীতি হচ্ছে বলে অভিযোগ করেন তিনি। ভোটার তালিকায় কারচুপি করা হচ্ছে বলেও অভিযোগ করেছেন বিরোধী দলনেতা।

---

দক্ষিণ ২৪ পরগণা জেলার কাকদ্বীপে SIR প্রক্রিয়া খতিয়ে দেখতে বিশেষ বৈঠক করবেন নির্বাচন কমিশনের স্পেশাল রোল অবজারভার সি মোরগান। আজ কাকদ্বীপ মহকুমা শাসকের দণ্ডে এই গুরুত্বপূর্ণ বৈঠকে উপস্থিত থাকবেন কাকদ্বীপের মহকুমা শাসক প্রীতম সাহা এবং এই মহকুমার চারটি ব্লকের বিডিওরা। বৈঠকটি দুটি পর্যায়ে করা হবে। প্রথম পর্যায়ে আধিকারিক ও বুথ লেভেল অফিসারদের (BLO) সঙ্গে আলোচনা করবেন বিশেষ পর্যবেক্ষক। এরপর দ্বিতীয় পর্যায়ে স্থানীয় বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন তিনি। বিশেষ পর্যবেক্ষক সি মোরগান বিএলওদের সঙ্গে নিয়ে সংশ্লিষ্ট এলাকায় গিয়ে ভোটারদের সঙ্গে সরাসরি কথা বলে ভোটার তালিকা সংশোধনের প্রক্রিয়াটি সরেজমিনে ঘাচাই করতে পারেন জানা গিয়েছে।

---

মুশিদাবাদের ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবিরকে দল থেকে বহিক্ষার করেছে তৃণমূল কংগ্রেস। দল বিরোধী কাজের জন্য তাঁর বিরুদ্ধে এই সিদ্ধান্ত নেওয়া

হয়েছে বলে কলকাতায় দলের তরফে এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। মুর্শিদাবাদের বহরমপুরে আজ মুখ্যমন্ত্রীর জনসভায় উপস্থিত থাকবেন বলে গতকাল জানিয়েছিলেন কবির। জনসভায় যোগদানের আগেই তাঁকে বহিকারের ঘোষণা করে তাঁর দল। তাঁকে ডেকে এনে অপমান করেছে এবং তাঁর বিরুদ্ধে ঘড়্যন্ত্র করা হয়েছে বলে অভিযোগ করেছেন হুমায়ুন কবির। আগামী ২২ ডিসেম্বর নতুন দল প্রতিষ্ঠা করবেন বলেও দাবি করেছেন তিনি।

অন্যদিকে, হুমায়ুন কবিরের দল থেকে বহিকারের ঘটনাকে নাটক বলে অভিহিত করেছেন রাজ্যসভা সাংসদ তথা বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

## বাইট

---

উচ্চ প্রাথমিকে কর্মশিক্ষা ও শারীর শিক্ষায় মোট ১হাজার ৬০০ টি অতিরিক্ত শূন্যপদ তৈরি করে চাকরি দেওয়ার রাজ্যের সিদ্ধান্তকে বাতিল করেছে কলকাতা হাইকোর্ট। এরফলে উচ্চ প্রাথমিকের কর্মশিক্ষায় ৭৫০ জন এবং শারীরশিক্ষায় ৮৫০ জনকে নিয়োগের সিদ্ধান্ত বাতিল হল। ২০২২ সালের এই সংক্রান্ত ২ টি নিয়োগ বিজ্ঞপ্তি আজ বাতিল করেছেন বিচারপতি বিশ্বজিৎ বসু। তিনি বলেছেন, ১হাজার ৬০০ টি অতিরিক্ত শূন্য পদ তৈরির সিদ্ধান্ত ভুল। প্যানেলের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর অতিরিক্ত শূন্যপদ তৈরি করে এভাবে চাকরি দেওয়া যায়না বলে মন্তব্য করেছেন বিচারপতি বসু।

তবে অতিরিক্ত শূন্যপদে নিয়োগের সিদ্ধান্তের প্রেক্ষিতে দুর্নীতি এবং সিবিআই তদন্তের আর্জির বিষয়গুলি নিয়ে পরবর্তীকালে আদালত সিদ্ধান্ত গ্রহণ করবে বলে

জানিয়েছেন বিচারপতি বিশ্বজিৎ বসু। ওই মামলার পরবর্তী শুনানি আগামী জানুয়ারি মাসে।

---

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য [www.newsonair.gov.in](http://www.newsonair.gov.in) -এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।

---

রাজ্য সরকারের অসহযোগিতার কারণেই, বাংলার চারটি মেট্রো প্রকল্পে ২০ কিলোমিটার পথে নির্মাণ কাজ আটকে রয়েছে বলে কেন্দ্র জানিয়েছে। লোকসভায় গতকাল তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ ব্যানার্জির এক প্রশ্নের জবাবে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণে জানিয়েছেন, কোথাও জমি আবার কোথাও বা প্রয়োজনীয় অনুমতির অভাবে প্রকল্পের কাজ শেষ করার ক্ষেত্রে অস্বাভাবিক দেরী হচ্ছে।

জোকা-এসপ্ল্যানেড রুটে খিদিরপুর স্টেশন নির্মাণের জন্য জমি খুঁজে দিতে রাজ্য সরকারের পাঁচ বছরের'ও বেশী সময় লেগেছে বলে অভিযোগ করেন তিনি। শ্রী বৈষ্ণে বলেন, ধর্মতলায় বিধান মার্কেট সরানো, উত্তর-দক্ষিণ করিডোরে ব্যারাকপুর পর্যন্ত মেট্রো সম্প্রসারণ করতে না পারা ছাড়াও নিউ গড়িয়া-বিমানবন্দর মেট্রোয় চিংড়িঘাটার কাছে ট্রাফিকের প্রয়োজনীয় অনুমতি না মেলায় উড়াল পথ নির্মাণের কাজ করা যাচ্ছে না। এনিয়ে হাইকোর্ট নির্দেশ নির্দেশ দিলেও সমস্যার সমাধান হয়নি।

মন্ত্রী বলেন, পশ্চিমবঙ্গের জন্য রেলখাতে বাজেট বরাদ্দ ২০০৯ থেকে ১৪ সালের তুলনায় চলতি বছরে তিনগুণ বাঢ়ানো হয়েছে। মেট্রো রেল ছাড়াও রেলের অন্যান্য পরিকাঠামো উন্নয়নে রাজ্যের জন্য বরাদ্দ হয়েছে প্রায় ১৪ হাজার কোটি টাকা।

---

রেলমন্ত্রক অমৃত ভারত স্টেশন প্রকল্পের আওতায় মুর্শিদাবাদ বহরমপুর কোর্ট, লালগোলা এবং আজিমগঞ্জ স্টেশনকে আধুনিক যাত্রী পরিষেবা যেমন— পরিষ্কার শৌচাগার, পর্যাপ্ত আসন এবং ডিজিটাল তথ্য ব্যবস্থার সুবিধা প্রদান করার পরিকল্পনা নিয়েছে। মুর্শিদাবাদের তৃণমূল কংগ্রেস সাংসদ আবু তাহের খানের লিখিত প্রশ্নের উত্তরে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানান এই তথ্য জানিয়েছেন। এই স্টেশনগুলির উন্নয়নের মাস্টার প্ল্যানের মধ্যে প্রতীক্ষালয়, শৌচাগার, বসার ব্যবস্থা, প্রশস্ত ফুটওভার ব্রিজ, এয়ার কনকোর্সের ব্যবস্থা, লিফট অথবা এসকালেটেরের ব্যাবস্থাও থাকবে বলে জানা গিয়েছে।

---

প্রায় তিনি বছর পরিষেবা দেওয়ার পর বন্ধ হতে চলেছে কোচবিহার ও কলকাতার মধ্যে বিমান চলাচল। বেসরকারি বিমান সংস্থা জানিয়েছে, আগামী জানুয়ারী মাস থেকে তারা আর বিমান পরিষেবা দিতে পারবে না।

উল্লেখ্য, কেন্দ্রীয় উড়ান প্রকল্পের আওতায় ২০২৩ সালের ২১ শে ফেব্রুয়ারী কোচবিহার ও কলকাতার মধ্যে ৯'আসন বিশিষ্ট একটি বিমান পরিষেবা চালু করে ইন্ডিয়া-ওয়ান নামে ওই বিমান সংস্থা। সরকারি প্রকল্পের ভর্তুকি মেলায় টিকিটের দাম'ও ছিল কম। কিন্তু সংস্থাটির সঙ্গে কেন্দ্রের চুক্তি শেষ হয়ে যাওয়ার ফলে এই ভর্তুকি বন্ধ হয়ে গেছে।

---

ভারত-বাংলাদেশ সীমান্তের মাথাভাঙ্গা ১ নং ব্লকের বৈরাগীরহাট পঞ্চায়েতের চেনাকাটা সীমা চৌকি এলাকায় গতকাল গভীর রাতে বিএসএফের গুলিতে এক বাংলাদেশী চোরাকারবারীর মৃত্যু হয়েছে। মৃত ওই বাংলাদেশীর নাম সবুজ হাসান, বাড়ি বাংলাদেশের লালমনিরহাটের পাটগ্রাম এলাকায়। বিএসএফ সূত্রে জানা গিয়েছে ওই ব্যক্তি সীমান্তের কাঁটাতার টপকে পাচারের চেষ্টা করলে সীমান্তরক্ষীরা বাধা দেয়। সেই সময় একদল দুষ্কৃতী বিএসএফ এর উপর চড়াও হলে বিএসএফ আত্মরক্ষার্থে গুলি ছোড়ে। আর সেই গুলিতে মৃত্যু হয় সবুজ হাসানের। পরে বিএসএফ দেহ উদ্ধার করে মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে নিয়ে আসে। পরবর্তীতে পুলিশের কাছে দেহ হস্তান্তর করলে পুলিশ দেহ তা ময়নাতদন্তের জন্য পাঠায়।

---

উত্তর প্রদেশের আমরাহোতে গতকাল রাতে এক গাড়ী দুর্ঘটনায় চারজনের মৃত্যু হয়। মৃতদের মধ্যে পশ্চিমবঙ্গের এক চিকিৎসকও রয়েছেন। মৃতের নাম অর্নব চক্রবর্তী। তিনি বেলঘরিয়ার বাসিন্দা। দুর্ঘটনাগ্রস্ত গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে অন্য একটি গাড়ীতে ধাক্কা মারলে এই দুর্ঘটনা ঘটে। অর্নব চক্রবর্তীর পরিবার দেহ আনতে ইতিমধ্যেই উত্তর প্রদেশ রওনা হয়েছেন।

---

শিয়ালদা - কল্যাণী শাখায় শীতাতপ নিয়ন্ত্রিত লোকাল ট্রেন পরিষেবা আজ শুরু হতে চলেছে। সোম থেকে শনিবার এই পরিষেবা পাওয়া যাবে। শিয়ালদা থেকে দুপুর ৩-৩৫ মিনিটে ট্রেনটি ছেড়ে কল্যাণী পৌঁছবে ৪-টে ৫২ মিনিটে। ফিরতি পথে বিকেল পাঁচটা দুই মিনিটে কল্যাণী থেকে ছেড়ে সন্ধে ৬-টা ২০ মিনিটে শিয়ালদা পৌঁছবে ট্রেনটি।

এদিকে, শিয়ালদা - কৃষ্ণনগর AC লোকাল আগামী ৭-ই ডিসেম্বর থেকে রবিবারেও চলবে।

---

উত্তরবঙ্গের দ্রুত জনপ্রিয় হয়ে ওঠা পর্যটন কেন্দ্র গাজলডোবার দীর্ঘমেয়াদি উন্নয়নের রূপরেখা ঠিক করতে ব্যাপক ভূমি-ব্যবহারের পরিকল্পনা তৈরির কাজ শুরু করেছে রাজ্য সরকার। গাজলডোবা উন্নয়ন কর্তৃপক্ষ ইতিমধ্যেই বিশেষজ্ঞ সংস্থার সাহায্য চেয়ে আবেদন করেছে বলে সরকারি সূত্রে জানানো হয়েছে। ২২টি মৌজায় বিস্তৃত প্রায় ৬০ বর্গকিলোমিটার এলাকায় পর্যটন কেন্দ্র নির্মান ও বিস্তারের জন্য উপযুক্ত জমি চিহ্নিত করা, স্থানীয় পরিস্থিতির বিষয়ে সমীক্ষার পাশাপাশি ভবিষ্যতের জন্য একটি উন্নয়ন নিয়ন্ত্রণ পরিকল্পনা তৈরি করা এর লক্ষ।

রাজ্যের তৎপরতায় প্রচার বাড়ানোর পর থেকেই গাজলডোবা বিকল্প পর্যটন কেন্দ্র হিসেবে দ্রুত জনপ্রিয়তা পেয়েছে। রাস্তাঘাট উন্নয়ন, হোমস্টের সংখ্যা বৃদ্ধির পাশাপাশি জলাধার সংলগ্ন প্রস্তাবিত বিনোদন জেন পর্যটকদের আকর্ষণের অন্যতম কারণ। তাই এখনই অনিয়ন্ত্রিত নির্মাণকাজের বদলে সুপরিকল্পিত পরিকাঠামো এবং পরিবেশ-সম্মত উন্নয়ন নিশ্চিত করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।

---

সুপার কাপ ফুটবলের সেমিফাইনালে ইস্টবেঙ্গল আজ গোয়ার মারগাঁওয়ে পাঞ্জাব এফসির মুখোমুখি হবে। জহরলাল নেহেরু স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল চারটেয়। গ্রুপ পর্বে ডেস্পো FC -র বিরুদ্ধে প্রথম ম্যাচে ড্র করেছিল ইস্টবেঙ্গল। দ্বিতীয় ম্যাচে চেনাইয়ান FC কে 4-0 গোলে পরাজিত করেছিল ইস্টবেঙ্গল।

---

রাজ্যের প্রায় সর্বত্রই তাপমাত্রার পারদ নিম্নমুখী। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে এক ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা'ও ছিল স্বাভাবিকের দু'ডিগ্রি নীচে। আগামী দু তিন দিন তাপমাত্রা আরও কমার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। এদিকে, উত্তরবঙ্গেও গতকাল থেকেই বিভিন্ন জায়গার সর্বনিম্ন তাপমাত্রা কমেছে।

---